গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৩.২৪-৪৮(৩) তারিখ : ০৪ এপ্রিল ২০২৪

বিষয় : মোংলা বন্দরে আগতব্য MV. MERCURY OCEAN জাহাজ হতে রেল, সড়ক ও নৌপথে মোট ২০৫১৪ (±) মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-৭৭)

সূত্র : ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ২৫-০৩-২০২৪ খ্রি. ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২৩-১০৯২ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ২৭-০৩-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.৫৯৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগদে ক্রয়কৃত চুক্তি নং-জি টু জি-০১; তারিখ : ১৪-০৯-২০২৩ খ্রি. এর বিপরীতে রাশিয়া হতে ২০৫১৪ মে.টন ঢালা গম নিয়ে MV. MERCURY OCEAN নামীয় একখানা জাহাজ আগামী ০৫-০৪-২০২৪ খ্রি. তারিখে মোংলা বন্দরে আগমন করবে। আগত জাহাজের গম বার্জ/কার্গোতে খালাস করে দেশের বিভিন্ন কেন্দ্রের প্রেরণের লক্ষ্যে চলাচল সূচি জারির জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। সূত্রস্থ ২ নং স্মারকের পত্রে বরিশাল বিভাগের এলএসডিসমূহে ওএমএস, ডিডব্লিউব, কাবিখাসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য গমের চাহিদা প্রেরণ করা হয়েছে।

তৎপ্রেক্ষিতে মোংলা বন্দরে আগতব্য MV. MERCURY OCEAN জাহাজের গম দ্রুত খালাসের লক্ষ্যে সাশ্রয়ী রুটে রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের স্থাপনাসমূহে খালি জায়গা বিবেচনায় নিম্নোক্তভাবে রেল, সড়ক ও নৌপথে মোট ৭২০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। এছাড়া ১২-০৩-২০২৪ খ্রি. খাদ্য অধিদপ্তরের সভা কক্ষে মোংলা বন্দরে আগতব্য গমবাহী জাহাজে পরিবাহিত গম দ্রুত খালাসের বিষয়ে মতবিনিময় সভার সিদ্ধান্ত মোতাবেক পরিপালনের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য নিয়ন্ত্রণ বর্হিভূত কারণে জারিকৃত চলাচল সূচি সড়ক পথের অংশ প্রাপক কেন্দ্রে পরিবহণ করা সম্ভব না হলে সাশ্রয়ী রুট বিবেচনায় ৪ নং/৭ নং/মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে নিকটস্থ খুলনা সিএসডি/মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলন করা যাবে। তবে এ ক্ষেত্রে অবশ্যই সূচি পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগকে অবহিত করতে হবে কিংবা যৌক্তিতা বিশ্লেষণপূর্বক ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব এ দপ্তরে প্রেরণ করতে হবে। উক্ত সূচির ৪ নং/৭ নং/মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে খালাস কার্যক্রম চলমান থাকা অবস্থায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর চাহিদা বিবেচনায় ঘাটসমূহ হতে গম সরাসরি চাহিত কেন্দ্র/কেন্দ্রসমূহে প্রেরণ করা যাবে।

**মোংলা বন্দর হতে ৭ নং ঘাট, খুলনা মাধ্যমে রেল পথে গমের চলাচলসূচিঃ**

| ক্র. নং | জাহাজের নাম | মাধ্যমে | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | ঠিকাদারি প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | মোংলা বন্দর (MV. MERCURY OCEAN জাহাজ) | ৭ নং ঘাট, খুলনা | বগুড়া | সান্তাহার সাইলো | ১৩৫০ | আমদানিকৃত গম | রেল পথ | মেসার্স ওসমান সওদাগর |
| | | | | মোট= | ১৩৫০ | | | |

* রেল পথে পরিবহণ বাস্তবায়ন করা না গেলে রেল পথে সূচিকৃত গম ৪ নং/৭ নং ঘাটের মাধ্যমে খুলনা সিএসডিতে উত্তোলন করা যাবে।

চলমান পাতা-২

**মোংলা বন্দর হতে বরিশাল ও খুলনা বিভাগে গমের চলাচল সূচি**

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র | মাধ্যম | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | মোংলা বন্দর (MV. MERCURY OCEAN জাহাজ) | - | ভোলা | চরশশীভূষণ এলএসডি | ৩০০ | বস্তাবন্দি গম | নৌ ও সড়ক পথ | চসনি, খুলনা ব্যয় কম বিবেচনায় উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | - | বরিশাল | বরিশাল এলএসডি | ১২০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | - | পিরোজপুর | পিরোজপুর এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাট, খুলনা | যশোর | যশোর এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | খুলনা | খুলনা সিএসডি | ১৬৫০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | মহেশ্বরপাশা ঘাট, খুলনা | ঐ | মহেশ্বরপাশা সিএসডি | ১৮০০ | ঐ | ঐ | |
| | | | | মোট= | ৫৮৫০ | | | |
| | | | | সর্বমোট = | ৭২০০ | | | |

**উক্ত জাহাজের অবশিষ্ট ১৩৩১৪ (±) মে.টন ঢালা গম চুক্তি মোতাবেক সরবরাহকারী এবং সংশ্লিষ্ট শিপিং এজেন্ট মোংলা সাইলোতে খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

**নির্দেশনাসমূহ :**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/জেখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এ সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১০। সূচির মেয়াদ আগামী ১৬-০৪-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।

০৪.০৪.২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া (০২২০৭)
উপপরিচালক
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

প্রাপকঃ ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা
৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা

স্মারক নম্বর-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৩.২৪-৪৮(৩)/১৫

তারিখঃ ০৪ এপ্রিল ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
২। পরিচালক, হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল/রাজশাহী
৪। সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট
৫। **সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)**
৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ................................
৭। মহাপরিচালক একান্ত সচিব, মহাপরিচালক দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮। ব্যবস্থাপক, ........................................ সিএসডি
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা.....................................এলএসডি
১০। অফিস কপি

উপপরিচালক
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক